গাংনীর বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন উপজেলা নির্বাহী অফিসার

মেহেরপুরসহ সারাদেশে একযোগে চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়েছে আজ রবিবার থেকে। জেলায় এবার ১৫০টি শিক্ষাপ্রতিষ্ঠানের ৮ হাজার ৯০৯ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছে।

মেহেরপুর জেলা শিক্ষা অফিসের তথ্যমতে, জেলার ৩টি উপজেলায় জেনারেলের শাখার জন্য ১৩টি কারিগরি (ভোকাশোনাল) শাখার জন্য ৪টি এবং মাদ্রাসা শাখার জন্য ২টি কেন্দ্র নির্ধারণ করা হয়েছে।

নির্ধারীত সময়ে পরীক্ষা শুরু হওয়ার পর মেহেরপুরের গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু উপজেলার বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

এসএসসি ও সমমানের পরীক্ষা কেন্দ্র পরিদর্শনের সময় গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু বলেন, সকাল থেকে আমি বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করে দেখছি। এর আগে গত দুইদিনও আমি পরিদর্শন করে দেখেছি ছোট ছোট যে সমস্যাগুলো ছিলো সেগুলো সমাধানে কিছু নির্দেশ দেওয়া ছিলো; আজকে আমি দেখলাম সেগুলো মোটামুটি ভালো রয়েছে। যতগুলো এখন পর্যন্ত দেখেছি সবগুলো কেন্দ্রে পরিস্থিতি স্বাভাবিক ও সুন্দর মনে হয়েছে। আশাকরি সামনের দিনগুলোতেও এই ধরনের শান্তিপূর্ণ অবস্থা বিরাজ করবে।

নকলমুক্ত, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা সমাপ্ত করার লক্ষ্য জেলার তিন উপজেলায় তিনটি ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে। মেহেরপুর জেলা ম্যাজিষ্ট্রেট মোহাম্মদ আজিজুল ইসলাম পরীক্ষা কেন্দ্র গুলোর আশেপাশে ১৪৪ ধারা জারি করেছেন এবং এক মাস সব কোচিং সেন্টার বন্ধ ঘোষণা করেছেন।

আলমডাঙ্গায় বধ্যভূমি পার্ক পরিদর্শনে এমপি ছেলন জোয়াদ্দার

আলমডাঙ্গা বধ্যভূমির দৃষ্টিনন্দন কাজ পরিদর্শন করেছেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

গতকাল বুধবার বেলা ১১টার দিকে তিনি বধ্যভূমির দৃষ্টিনন্দন কাজ ঘুরে দেখেন। পরে বধ্যভূমি সেডে নেতা কর্মিদের সাথে মতবিনিময় করেন।

মতবিনিময়কালে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, নতুন প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরার জন্য এ বধ্যভূমি নির্মাণ করা হয়েছে, এখানে মুক্তিযুদ্ধ যাদুঘরে নির্মাণ করা হবে। পার্কের কাজ চলছে। তিনি বলেন, আমাদের প্রত্যেককে মুক্তিযুদ্ধের চেতন বুকে ধারণ করে বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্তবায়নে কাজ করতে হবে।

আজকে বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা দেশের কল্যাণে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। দেশ যখন উন্নয়নের মহাসড়কে প্রবেশ করেছে, তখন একটি গোষ্টি নানা ষড়যন্ত্র করছে। এদের থেকে আমাদের সজাগ থাকতে হবে।

মতবিনিময়কালে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, সাবেক বন ও পরিবেশ সম্পাদক শহিদুল ইসলাম খান, জেলা আওয়ামী লীগের সাবেক সদস্য নুরুল ইসলাম, উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, উপজেলা আওয়ামীলীগের সাবেক সহসভাপতি ইউপি চেয়ারম্যান আমিরুল ইসলাম মন্টু, সাবেক প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, পৌর আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, রাজাবুল হক মনা, দপ্তর সম্পাদক মাসুদ সালেহীন উৎপল, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহমেদ ডন, ইউপি চেয়ারম্যান আবু সাঈদ পিন্টু, আশিকুজ্জামান ওল্টু, মাহমুদুল হাসান চঞ্চল, তরিকুল ইসলাম, কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি জয়নাল আবেদীন, আওয়ামীলীগে নেতা আব্দুল মালেক, রুবেল, লিংকন জোয়ার্দ্দার, যুবলীগ নেতা সাজ্জাদুল ইসলাম খান স্বপন, কাউন্সিলর আব্দুর গাফফার, সৈকত খান, ফারুক, নূর আলম,

বিপ্লব মেম্বার,কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি আশরাফুল হক, সাবেক যুগ্ম সম্পাদক হাসানুজ্জামান,সাবেক প্রচার সম্পাদক আব্দুল্লাহ আল হোসাইন বাদশা, কাজী চন্দন, সাকিব, সজীব, টিটন, সুরুজ, নাজিম, রাহুল, প্রমুখ।

মেহেরপুরের মদনাডাঙ্গা আশ্রয়ণ প্রকল্প পরিদর্শন করলেন নবাগত ডিসি

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের মদনাডাঙ্গা আশ্রয়ণ প্রকল্প পরিদর্শন করেন নবাগত জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম।

আজ রবিবার তিনি জেলা প্রশাসনের বিভিন্ন কর্মকর্তাকে নিয়ে এ প্রকল্প পরিদর্শন করেন। এসময় অন্তর্ভূক্তিমুলক উন্নয়নে “শেখ হাসিনা মডেল” হিসেবে আশ্রয়ণ প্রকল্পকে তুলে ধরেন এবং সুবিধাভোগীদের সাথে সময় কাটান। তাদেরকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা মোতাবেক প্রতি ইঞ্চি জমিতে শাক-সবজি ও ফলের আবাদ করার পরামর্শ প্রদান করেন। আশ্রয়ণ প্রকল্পে বসবাসরত ২০ টি পরিবারের সদস্যদের মাঝে জেলা প্রশাসনের পক্ষ থেকে ইফতার সামগ্রী বিতরণ করেন।

অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, সহকারী কমিশনার রনি খাতুন, সদর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নাহিদা আক্তার উপস্থিত ছিলেন। এর আগে তিনি আশ্রয়ণ প্রকল্পে পৌছালে শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মতিয়ার রহমান তাঁকে ফুলেল শুভেচ্ছা জানান।

দামুড়হুদায় মুন্সীপুর বিদ্যালয়ের নির্মাণকাজ পরিদর্শনে ইউএনও

দামুড়হুদায় মুন্সীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম এবং বিদ্যালয়টির শ্রেনীকক্ষ সম্প্রসারণের নির্মাণকাজ পরিদর্শন করেছেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

মঙ্গলবার বিকাল ৪ টার দিকে তিনি এ পরিদর্শন করেন।

এ সময় তিনি চলমান নির্মাণ কাজ পরিদর্শন করেন এবং কাজের সঠিক মান ও যথা সময়ে কাজ শেষ করার জন্য বলেন। তিনি বলেন যতটুকু কাজ হয়েছে তা সন্তোষ জনক। ভালোভাবে কাজ শেষ হবে।

এসময় উপস্থিত ছিলেন প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও মুন্সীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুল হক।

দামুড়হুদা কাঁঠালতলা রাস্তা নির্মাণ কাজ পরিদর্শন করলেন ইউএনও

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর কাঁঠালতলা থেকে কুমারীদহ হেরিং বোন বন্ড (এইচবিবি) রাস্তা নির্মাণ প্রকল্পের কাজ পরিদর্শন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

বৃহস্পতিবার বিকাল ৫টার দিকে তিনি সরজমিনে এই পরিদর্শন করেন। এসময় তিনি রাস্তায় ব্যবহৃত ইট, রাস্তার সঠিক মাপ আছে কিনা বিভিন্ন বিষয়ের পরিদর্শন করেন।

নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা বলেন রাস্তাটির এক কি:মি: কাজ হবে, সব কাজ এখনো শেষ হয়নি। এখন পর্যন্ত যতটুকু কাজ হয়েছে তা সন্তোষজনক। সম্পূর্ণ কাজটি যেন ভালোভাবে শেষ হয় তার জন্য বলা হয়েছে। রাস্তার কাজে কোন অনিয়ম যেন না হয় সে বিষয়ে সতর্ক করা হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মিজানুর রহমান।

দর্শনা কেরুজ চিনিকলের কৃষি খামারে বীজ আখ কাটার পরিদর্শন, চেয়ারম্যান অপু

দর্শনা কেরুজ চিনিকলের কৃষি খামারে আধুনিক পদ্ধতিতে হারভেষ্টার মেশিন দিয়ে বীজ আখ কর্তন কাজ পরিদর্শন করেছে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের চেয়ারম্যান আরিফুর রহমান অপু।

আজ মঙ্গলবার (৭ ফ্রেব্রয়ারি) দুপুর ১টার দিকে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কেরুজ আকন্দবাড়িয়া কৃষি খামারে হারভেষ্টার মেশিন দিয়ে বীজ আখ কর্তন কাজের পরিদর্শন করেন।এবং সাংবাদিকদের সাথে প্রেস ব্রিফিং করে।

এ সময় বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প করপোরেশনের চেয়ারম্যান আরিফুর রহমান অপু বলেন বর্তমান সরকার কৃষি বান্ধব সরকার। তাই কৃষিতে বিল্পব আনতে নানা কর্মসূচি বাস্তবায়ন করে চলেছেন। এ মেশিনটি ইন্ডিয়া গুজরাটের টারর্বো এগ্রো টেকনোলজি লিমিটেড কোম্পনীর তৈরী। আমরা পরীক্ষা মৃলক চাল্লাচ্ছি। এ হারভেষ্টার মেশিন দিয়ে আখ কর্তন করলে মাটির নীচ থেকে আখ কাটা হচ্ছে আমরা একর প্রতি ৫ টন আখ বেশি পাবো।
এ হারভেষ্টার মেশিনে একদিকে লেভার সংকট থেকে মুক্তি পাবো অপরদিকে সময় কম লাগবে। যার ফলে চিনির আহরনের সক্ষমতা বেড়ে যাবে। ফলে এ হারভেষ্টার মেশিন দিয়ে আখ কাটলে চিনির আহরনও বেশি

পাবো।তাই আগামীতে আমরা হারভেষ্টার দিয়ে আখ কাটার পরিকল্পনা হাতে নিয়েছি।আগামীতে চাষীরা বেশি করে আখ লাগায় সেজন্য আমরা আখের মৃল্যে টন প্রতি ৫ থেকে ৬ হাজার টাকা করার চিন্তা করছি।আগামীতে কেরুজ চিনিকলটি ঘুরে দাঁড়াবে সেজন্য আমরা কাজ করে যাচ্ছি। এ হার্ভেষ্টার মেশিনটি সদর দপ্তর কিংবা চিনিকলের টাকায় কেনা না। শিল্পমন্ত্রনালয়ের সচিব মহাদয়ের একান্ত উদ্যোগে মেশিনটি বাংলাদেশে নেওয়া হয়েছে।

এ বীজ আখ পরিদর্শন অনুষ্ঠানের সভাপতিত্ব করেন দর্শনা কেরু এ্যান্ড কোম্পানী বাংলাদেশ লিমিটেডের পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন।এ সময় আরও উপস্থিত ছিলেন কেরুজ চিনিকলের মহাব্যাবস্হাপক অর্থ মুহাম্মদ সাইফুল ইসলাম,কেরুজ চিনিকলের মহাব্যবস্থাপক (কৃষি) আশরাফুল আলম ভুইয়া, ব্যবস্থাপক (খামার) সুমন কুমার সাহা,মাহাব্যবস্থাপক দেলোয়ার হোসেন, ব্যবস্থাপক (পরিঃপ্রকৌঃ) আবু সাঈদ, আবু তালহা।

রাধাকান্তপুরে অবকাঠামো উন্নয়ন পরিদর্শন ও পথসভায় জনপ্রশাসন প্রতিমন্ত্রী

মেহেরপুর সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের অবকাঠামো উন্নয়ন পরিদর্শন ও নৌকার পক্ষে কাজ করার জন্য গনসংযোগ করেছে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

এসময় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বাংলাদেশ সরকারের সাফল্য ও জননেত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা জনগণের কাছে পৌঁছে দিতে তার নির্বাচনী এলাকার রাধাকান্তপুর গ্রাম অবকাঠামো উন্নয়নের জন্য পায়ে হেঁটে সমস্ত গ্রাম ঘুরে দেখেন এবং সাধারন জনগনের সাথে কথাকপোথন করেন। এ সময় গ্রামের রাস্তাঘাট, ঘরবাড়িসহ বিভিন্ন সমস্যার কথা শুনে সমাধানের আশ্বাস দেন তিনি।

গনসংযোগকালে উপস্থিত ছিলেন, বুড়িপোতা ইউনিয়ন পরিষদের

চেয়ারম্যান শাহজাহান আলী, কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মতিয়ার রহমান, আমদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনারুল ইসলাম, মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, শহর আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আক্কাস আলী, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক সভাপতি এনাম হোসেন বকুল, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন।

এছাড়াও উপস্থিত ছিলেন, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন, সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন সহ আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা ।

জীবননগর থানা পরিদর্শন করলেন জেলা প্রশাসক আমিনুল ইসলাম

জীবননগর থানা পরিদর্শন করলেন জেলা প্রশাসক আমিনুল ইসলাম খান।

আজ মঙ্গলবার বেলা ১২টার সময় জীবননগর থানা পরিদর্শন করেন জেলা প্রশাসক আমিনুল ইসলাম খান এর আগে জীবননগর থানা পুলিশের পক্ষ থেকে জেলা প্রশাসককে ফুলেল শুভেচ্ছা প্রদান করেন জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুল খালেক।

এ সময় উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামান,জীবননগর থানার ওসি (তদন্ত) স্বপন কুমার,এস আই নাহিরুল ইসলাম,এস,আই রায়হান,এস,আই সিদ্ধার্ত,এস,আই সাজ্জাদ প্রমুখ।

কুষ্টিয়ায় হাসপাতাল সমাজসেবা কার্যক্রম পরিদর্শন করলেন সমাজসেবার উপ-পরিচালক

কুষ্টিয়া জেনারেল হাসপাতাল সমাজসেবা কার্যক্রম (রোগীকল্যাণ সমিতির) পরিদর্শন করেছেন কুষ্টিয়া জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক আব্দুল কাদের। দুপুরে তিনি এ কার্যক্রম পরিদর্শণ করেন।

এসময় কুষ্টিয়া জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক আব্দুল কাদেরকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান হাসপাতাল সমাজসেবা অফিসার মো: মাহমুল হাসিব।

এসময় অন্যান্য কর্মকর্তা-কর্মচারীও উপস্থিত ছিলেন।

এসময় তিনি হাসপাতাল সমাজসেবার কার্যক্রম পরিদর্শনে সন্তোষ প্রকাশ করে কুষ্টিয়া জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক আব্দুল কাদের বলেন, সমাজসেবা অধিদফতরের সেবা কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিত করতে কাজ করে চলে অবিরত, এছাড়াও পারষ্পারিক সহযোগিতা এবং সমন্বিত উদ্যোগের মাধ্যমে দারিদ্র্যমুক্ত, উন্নত, সমৃদ্ধ বাংলাদেশ গড়ার প্রত্যয় নিয়ে সমাজসেবা অধিদফতরের সমাজকর্মে জনগনকে সম্পৃক্ত করাসহ হাসপাতালের দরিদ্র ও অসহায় রোগীদের মধ্যে সমাজসেবা অধিদফতরের সেবা প্রদান সক্ষমতা বৃদ্ধি করা,তাদের ওষধপথ্য প্রদান সহ জন চাহিদার আলোকে দক্ষতা ও দ্রুততার সাথে যথাযথ সেবা প্রদান নিশ্চিত করা

দামুড়হুদায় বিভিন্ন পূজা মন্ডপ সরেজমিনে পরিদর্শন করলেন এমপি

টগর

দামুড়হুদায় বিভিন্ন পূজা মন্ডপ সরেজমিনে পরিদর্শন করলেন চুয়াডাঙ্গা ০২- আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা উপলক্ষে গতকাল রাতে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ছোট দুধ পাতলা গ্রামের সার্বজনীন পূজা মন্দির, ডুগডুগি গ্রামের, শ্রী শ্রী রাধা কৃষ্ণ মন্দির, জয়রামপুর দাশপাড়ার শ্রী শ্রী রামকৃষ্ণ মন্দির, দামুড়হুদা মালোপাড়া মাতৃ মন্দির, ও দাসপাড়া দূর্গা মন্দির সরেজমিনে পরিদর্শন করেন চুয়াডাঙ্গা ০২ আসনের মাননীয় সাংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

পূজা মন্ডপ পরিদর্শন কালে সংসদ সদস্য হাজী আলী আজগার টগর, সনাতন ধর্মাবলম্বীদের সাথে শারদীয় দুর্গা উৎসবের শুভেচ্ছা বিনিময় করেন। তিনি সকলকে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রেখে শান্তিপূর্ণ ও নির্বিঘ্নে পূজা উদযাপনের পরিবেশ বজায় রাখার আহ্বান জানান।

তিনি বলেন, দামুড়হুদা উপজেলায় উৎসবমুখর পরিবেশে পূজা উদযাপন হচ্ছে। সকল পূজামণ্ডপের আয়োজন খুব সুন্দর মনে হয়েছে। পূজার নিরাপত্তায় থানা পুলিশের সদস্যরা কাজ করছেন। পাশাপাশি প্রতিটি পূজা মণ্ডপে স্থায়ীভাবে আনসার-ভিডিপি কাজ করছেন। সকলের সহযোগিতায় শান্তিপূর্ণভাবে পূজা শেষ হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

এসময় তিনি জয়রামপুর দাশপাড়ার শ্রী শ্রী রামকৃষ্ণ মন্দির এর উন্নয়নের জন্য ১০ লক্ষ টাকা অনুদান ঘোষণা করেন।

এ সময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ,দামুড়হুদা সদর ইউনিয়নের চেয়ারম্যান হযরত আলী, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন,হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আলী আহম্মদ সোনা, সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, আওয়ামী লীগ নেতা মিল্টন,হাউলী ইউনিয়ন পরিষদের সদস্য শহিদুল ইসলাম,শাহাজামাল,রিকাত আলী, জাহাঙ্গীর আলম টিক্কা,আব্দুল হান্নান পটু,দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের সদস্য সামসুল আলম, জেলা যুবলীগ নেতা আব্দুস সালাম ভুট্টো, উপজেলা যুবলীগের সভাপতি আবদুল হান্নান ছোট,হাউলী ইউনিয়ন যুবলীগের সভাপতি আয়ুব আলী স্বপন, প্রচার সম্পাদক কামরুল ইসলাম মিফতা,

হাউলী ইউনিয়ন ছাত্রলীগের ১ নং যুগ্ন আহ্বায়ক রায়হানুল ইসলাম রায়হান, ছাত্রলীগ নেতা অপু সরকার, দামুড়হুদা উপজেলা পূজা উদযাপন পরিষদের আহ্বায়ক আনন্দ ঘোষ, মন্দির কমিটির সভাপতি, সাধারণ সম্পাদক সহ সকল সনাতন ধর্মাবলম্বীগণ এসময় উপস্থিত ছিলেন।